



## ট্রাম্পের অনুরোধে ইরানকে যুদ্ধবিরতিতে রাজি করালো কাতার



সংগৃহীত ছবি

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মধ্যে আলোচনার মাধ্যমে যুদ্ধবিরতির পথে এগোচ্ছে ইরান—এমন ইঙ্গিত মিলেছে কাতার-ভিত্তিক কূটনৈতিক তৎপরতা থেকে। যুক্তরাষ্ট্রের প্রস্তাবে সাড়া দিয়ে ইরান আপাতত সংঘাত থেকে বিরত থাকতে রাজি হয়েছে বলে জানিয়েছে সিএনএন, একটি নির্ভরযোগ্য কূটনৈতিক সূত্রের বরাত দিয়ে।

জানা যায়, কাতারে অবস্থিত একটি মার্কিন সামরিক ঘাঁটিতে ইরানের পাল্টা হামলার পর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কাতারের আমির শেখ মোহাম্মদ বিন আবদুলরহমান বিন জাসিম আল-খানির সহায়তা চান। ট্রাম্প আমিরকে অনুরোধ করেন, যেন তিনি ইরানের সঙ্গে সরাসরি আলোচনা করে যুদ্ধবিরতির ভিত্তি তৈরি করেন।

কূটনৈতিক প্রচেষ্টার অংশ হিসেবে কাতারের প্রধানমন্ত্রী শেখ মোহাম্মদ বিন আবদুলরহমান বিন জাসিম আল-খানি সোমবার ইরানকে যুদ্ধবিরতিতে রাজি করাতে সক্ষম হন। বিষয়টি পরে ট্রাম্প নিজেই সামাজিক মাধ্যমে একটি বার্তার মাধ্যমে ইঙ্গিতপূর্ণভাবে প্রকাশ করেন।

তবে এখনও পর্যন্ত ইরান কিংবা ইসরায়েলের পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে যুদ্ধবিরতির ঘোষণা আসেনি

সূত্র: সিএনএন